জীবননগরে ভেজাল সার ও নিম্নমানের বীজ বিক্রি বন্ধে আলোচনা সভা

জীবননগরে কৃষি মোর্চার আয়োজনে এবং এনজিও সংস্থা ওয়েভ ফাউন্ডেশনের সহযোগীতায় ভেজাল সার ও নিম্নমানের বীজ বিক্রি বন্ধে করণীয় বিষয়ক আলোচনা সভা অনুষ্ঠিত হয়েছে।

রোববার বেলা ১১ টার সময় জীবননগর উপজেলা কৃষি প্রশিক্ষণ মিলনায়তনে এ আলোচনা সভা অনুষ্ঠিত হয়।

জীবননগর উপজেলা কৃষি মোর্চার সভাপতি আব্দুল হান্নানের সভাপতিত্বে আলোচনা সভায় বক্তব্য দেন জীবননগর উপজেলা পরিষদের চেয়ারম্যান হাজী মো. হাফিজুর রহমান, জীবননগর উপজেলা নির্বাহী কর্মকর্তা এসএম মুনিম লিংকন, জীবননগর উপজেলা পরিষদের ভাইস চেয়ারম্যান আব্দুস সালাম ঈশা, মহিলা ভাইস চেয়ারম্যান আয়েশা সুলকানা লাকি, উপজেলা কৃষি কর্মকর্তা শারমিন আক্তার, ওয়েভ ফাউন্ডেশনের কামরুজ্জামান যুদ্ধ, জীবননগর উপজেলা লোকোমোর্চার সহ-সভাপতি সালাউদ্দীন কাজল, সাংবাদিক কাজী সামসুর রহমান চঞ্চল, জিএ জাহিদুল ইসলাম,মিঠুন মাহমুদ প্রমুখ।

আলোচনা সভায় বক্তারা বলেন, সরকার নির্ধারিত মূল্য থেকে কোনো দোকানদার যদি সার বেশি দামে বিক্রি করে অথবা ভেজাল সার, ভেজাল বীজ ও কীটনাশক বিক্রি করে তাহলে ওই দোকানদারের বিরুদ্ধে কঠোর আইনগত ব্যবস্থা গ্রহণ করা হবে।

আলোচনা সভায় জীবননগর উপজেলার বিসিআইসি ও বিএডিসি অনুমোদিত সার ডিলার, খুচরা সার বিক্রেতা এবং সুধীবৃন্দরা অংশ গ্রহণ করেন।

জীবননগরে বঙ্গবন্ধু জাতীয় যুব দিবস পালন

মুজিব বর্ষের আহবান, যুব কর্মসংস্থান এই প্রতিপাদ্যকে সামনে রেখে চুয়াডাঙ্গা জীবননগরে বঙ্গবন্ধু জাতীয় যুব দিবস ২০২০ উদযাপন উপলক্ষে আলোচনা সভা অনুষ্ঠিত হয়েছে।

রবিবার সকাল সাড়ে ১০টার সময় জীবননগর উপজেলা প্রশাসন ও উপজেলা যুব উন্নয়ন অধিদপ্তরের আয়োজনে বঙ্গবন্ধু জাতীয় যুব দিবস উদযাপন করা হয়। উপজেলা নির্বাহী অফিসার এস এম মুনিম লিংকনের সভাপতিত্বে একটি আলোচনা সভা অনুষ্ঠিত হয়।

অনুষ্ঠানে স্বাগত বক্তব্য রাখেন সাংবাদিক মিঠুন মাহমুদ, উদ্যোক্তা আব্দুর শুকুর আলী, শারমিন আক্তার। আলোচনা সভা শেষে প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে যুবকদের মধ্যে চেক বিতরণ করেন জীবননগর উপজেলা পরিষদের চেয়ারম্যান হাজী হাফিজুর রহমান হাফিজ।

এ সময় উপস্থিত ছিলেন উপজেলা পরিষদের ভাইস চেয়ারম্যান আঃ সালাম ঈশা, মহিলা ভাইস চেয়ারম্যান আয়েসা সুলতানা লাকী, জীবননগর থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) সাইফুল ইসলাম, উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা আশরাফুল ইসলাম প্রমুখ ।

জীবননগর বাঁকা ইউনিয়নে কমসূজনী ৪০ দিনের কাজে চরম অনিয়ম

জীবননগরে ৪০ দিনের কমসূজনী কাজের চরম অনিয়মের অভিযোগ উঠেছে। খাতা কলমে ৪০ জনের নামের তালিকা থাকলেও সেখানে আছে মাত্র ২২ থেকে ২৫জন বাদ বাকি লোকজন উপস্থিত না থাকলেও তোলা হচ্ছে হাজিরা।

তাছাড়া কমসূজনী কাজ দরিদ্রদের মধ্যে দেওয়ার কথা থাকলেও সেখানে স্বজন প্রীতিরর অভিযোগ রয়েছে। এদিকে স্থানীয়রা বলছেন পিআইও অফিসের কোন কর্মকর্তা না থাকায় এ কাজে অনিয়ম হচ্ছে ।

সরেজমিনে বাঁকা ইউনিয়নের ঘোষনগর গ্রামের মাঠের রাস্তার উপর মাটি দেওয়ার দৃশ্য দেখে হতবাক হওয়ার মত অবস্থা। হাজিরা তোলার জন্য খাতা থাকার কথা থাকলেও সেখানে কোন হাজিরা খাতা নেই। ৪০জন সদস্য থাকার স্থলে আছে মাত্র ২২জন তাও আবার মুখে মুখে। অথচ নামের তালিকায় আছে ৪০জনের নাম ।

একই অবস্থা আরও একটি স্থানে, সেখানে ৪০জনের পরিবর্তে আছে ৩২জন। এর মধ্যে আবার তিনজন পারিবারিক কাজের জন্য অন্য স্থানে চলে গেছে। হাজিরা খাতার বিষয়ে জানতে চাইলে কাজের দায়িত্বরত সরদার মিয়াজান বলেন, হাজিরা খাতা এখনও পাইনি এ জন্য হাজিরা তোলা হয়নি।

তবে আমাদের ৪০জন সদস্য আছে তারা সবাই হাজির হয়। বাঁকা ইউপি সদস্য খাইরুল ইসলাম বলেন, আজ প্রথম দিন তো এজন্য লেবার কম এয়েছে। তবে আগামীতে সবাই আসবে । বাঁকা ইউনিয়ন পরিষদের ভারপ্রাপ্ত চেয়ারম্যান রবিউল ইসলাম কমসূজনী কাজের অনিয়মের কথা স্বীকার করে বলেন, কমসূজনী কাজ হচ্ছে অনেক দিন পর । আর আজ প্রথম কাজ শুরু হচ্ছে তো এ জন্য লোকজন কম আসছে তবে আশা করি আগামীতে সবাই কাজে উপস্থিত হবে ।

জীবননগর উপজেলার পিআইও মিজানুর রহমান বলেন, কমসূজনী ৪০দিনের কাজটি আসলে অতিদরিদ্রদের জন্য তারা প্রতিদিন ২শ টাকা হাজিরা পাবে এর মধ্যে ৫০টাকা ব্যাংকে তাদের নামে জমা থাকবে আর ১৫০টাকা হাজিরা তারা প্রতিদিন পাবে ।

এর পর কাজ শেষে তারা তাদের জমাকৃত টাকা ব্যাংক থেকে তুলে নিতে পারবে । আর অনিয়মের বিষয়টার ব্যাপারে আসলে আমাদের অফিসে লোকবল কম থাকার কারণে সমস্থ কাজ একা দেখা সম্ভব হয় না। তবে কাজে যদি অনিয়ম পাওয়া যায় তা হলে যারা এর সাথে জড়িত আছে তদন্ত পূর্বক তাদের বিরুদ্ধে ব্যবস্থা নেওয়া হবে ।

জীবননগরে তুচ্ছ ঘটনাকে কেন্দ্র

করে বাবা ও মেয়েকে পিটিয়ে জখম

জীবননগরে তুচ্ছ ঘটনাকে কেন্দ্র করে বাবা ও মেয়েকে পিটিয়ে জখম করার অভিযোগ উঠেছে রেজাউলের বিরুদ্ধে।

গতকাল বৃহস্পতিবার সন্ধ্যা সাড়ে ৭টার সময় জীবননগর উপজেলার বাঁকা ইউনিয়নের প্রতাবপুর গ্রামে এ ঘটনা ঘটে।

আহতরা হলেন, প্রতাবপুর গ্রামের আব্দুল নজর আলী গোলদারের ছেলে আব্দুল ছোবহান (৪৭) এবং আব্দুল ছোবহানের মেয়ে সুফিয়া (১৯)।

আহত ছোবহান অভিযোগ করে বলেন, আমার মেয়ের সাথে রেজাউলের মেয়ের ঝগড়া হয়। এই সূত্র ধরে রেজাউল, শফি, মাহাবুল সহ বেশ কিছু ব্যক্তিরা আমার বাড়িতে এসে আমার এবং আমার মেয়েকে মারধর করে।

এক পর্যায়ে আমরা চিৎকার করলে স্থানীয় লোকজন ছুটে এলে তারা পালিয়ে যায়। পরে আমাদের উদ্ধার করে চিকিৎসার জন্য জীবননগর হাসপাতালে ভর্তি করে।

এ ব্যাপারে রেজাউল জানান, ছোবহান আগে আমাদের মারধর করতে আসে এক পর্যায়ে উভয় পক্ষের মধ্যে দ¦ন্দ¦ হয় এবং উভয় পক্ষেই হাতাহাতি হয়।

জীবননগর থানার অফিসার ইনচার্জ (ওসি) সাইফুল ইসলাম বলেন, প্রতাবপুর গ্রামে তুচ্ছ ঘটনাকে কেন্দ্র করে দুই পরিবারের মধ্যে দ¦ন্দ¦ হয়।

এ সংবাদ শুনে পুলিশ ঘটনাস্থলে যায় এবং দুই পক্ষকে শান্ত করে। তবে এ বিষয়ে এখনও কোন পক্ষ অভিযোগ করেনি। অভিযোগ পেলে তদন্ত পূর্বক আইনগত ব্যবস্থা নেওয়া হবে।

জীবননগরে সারের সংকট রোধে

বাজার মনিটরিং

জীবননগর বাজারে সারের সংকট রোধে বাজার মনিটরিং করা হয়েছে।

গতকাল বৃহস্পতিবার সকালে জীবননগর উপজেলা কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের কর্মকর্তারা এ বাজার মনিটরিং করেন।

আগামী বোরো মৌসুমে কৃষকের দোড়গোড়ায় যেন ন্যায্যমূল্যে সার পৌঁছে যায় এবং কৃত্রিম সারের সংকট যেন সৃষ্টি না হয় সে লক্ষ্যে জীবননগর উপজেলার সকল বিসি আই সি এবং বিএডিসি সার ডিলারদের দোকান পরিদর্শন, ক্যাশমেমো যাচাই এবং বিভিন্ন নির্দেশনা প্রদান করেন উপজেলা কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের কর্মকর্তা।

জীবননগরে ৪ বছরের শিশুকে যৌন হয়রানি অভিযোগে বৃদ্ধ আটক

জীবননগরে ৪ বছরের শিশুকে চকলেট দেওয়ার নাম করে যৌন হয়রানি করার অভিযোগে উঠেছে এক বৃদ্ধের বিরুদ্ধে।

এ ঘটনায় মেয়ের মা বাদি হয়ে জীবননগর থানায় একটি অভিযোগ করলে পুলিশ ওই বৃদ্ধকে রাতেই আটক করে।

গত বুধবার সকাল ৮টার সময় জীবননগর উপজেলার সীমান্ত ইউনিয়নের কয়া গ্রামের স্কুল পাড়ায় এ ঘটনা ঘটেছে।

স্থানীয় সূত্রে জানা গেছে, শিশুটি বাড়ির পাশে খেলা করছিল, এ সময় একই পাড়ার বৃদ্ধ মল্লিক মিস্ত্রি (৬০) মেয়েটিকে চকলেট দেওয়ার নাম করে তার ঘরে ডেকে নিয়ে যায়। তাকে জোরপুর্বক যৌন হয়রানি করে এ সময় মেয়েটি চিৎকার করলে স্থানীয় লোকজন ছুটে এসে মেয়েটিকে উদ্ধার করে।

এক পর্যায়ে গ্রাম্য সালিশের মাধ্যমে বিষয়টি মীমাংসা করার চেস্টা করে ব্যর্থ হলে নাবালিকা মেয়ের মা বাদি হয়ে জীবননগর থানায় একটি

অভিযোগ করলে গতকাল রাতেই জীবননগর থানা পুলিশ বৃদ্ধকে আটক করে পুলিশের হেফাজতে আনেন।

সীমান্ত ইউপি সদস্য আব্দুল মোমিন বলেন, নাবালিকা মেয়েকে বৃদ্ধ যৌন হয়রানি করেছে এমন একটি অভিযোগ নিয়ে ওই মেয়ের মা এবং স্থানীয় ব্যক্তিরা আমার কাছে আসলে দুই পক্ষকে ডেকে বিষয়টি জানার চেস্টা করি। এক পর্যায়ে বিশৃঙ্খলা সৃষ্ঠি হলে জীবননগর থানা পুলিশকে বিষয়টি জানালে পুলিশ অভিযুক্ত বৃদ্ধ মল্লিককে আটক করে।

জীবননগর থানার অফিসার ইনচার্জ (ওসি) সাইফুল ইসলাম বলেন, শিশু মেয়েকে যৌন হয়রানি করেছে এমন অভিযোগের ভিত্তিতে এক বৃদ্ধকে আটক করে পুলিশ হেফাজতে রাখা হয়েছে । এদিকে বৃদ্ধও এহেন কাণ্ড দেখে এলাকার সাধারণ মানুষ হতবাক হয়ে পড়েছে।

জীবননগরে শিকড় সমাজ কল্যাণ সংস্থার উদ্যোগে নানা কর্মসূচি বাস্তবায়ন

আবারও চকম লাগালেন জীবননগরে সেচ্ছাসেবী সংগঠন শিকড় সমাজ কল্যাণ সংস্থার উদ্যোগে পরিস্কার,পরিছন্ন মডেল সাওতাল পল্লী ঘোষনা করে।

শনিবার শিকড় সমাজ কল্যাণ সংস্থার আয়োজনে সকাল থেকে সন্ধা পর্যন্ত জীবননগর উপজেলার বাঁকা ইউনিয়নের পাথিলা নারিকেল বাগান সাওতাল পল্লী পরিস্কার পরিছন্ন করা, বাল্য বিবাহ প্রতিরোধে সংগঠনের সদস্যদের উদ্যোগে সচেতনামূলক নাটক, বৃক্ষ রোপন, বাঁশের তৈরি ডাস্টবিন সহ নানা ধরনের কার্যক্রম অনুষ্ঠিত হয়।

পরবতীতে সাওতাল পল্লী সদস্যদের নিয়ে বাড়ি ঘর পরিস্কার পরিছন্নতা প্রতিযোগিতায় বিজয়ীদের মাঝে পুরস্কার বিতরণ করা হয়।

সেচ্ছাসেবী সংগঠন শিকড় সমাজ কল্যাণ সংস্থার জীবননগর উপজেলা শাখার সভাপতি তুহিনুজ্জামানের সভাপতিত্বে পরিস্কার-পরিছন্ন

প্রতিযোগিতায় বিজয়ীদের মাঝে প্রধান অতিথি হিসাবে উপস্থিত থেকে পুরস্কার তুলেদেন জীবননগর উপজেলা নির্বাহী অফিসার এস এম মুনিম লিংকন।

বিশেষ অতিথি হিসাবে উপস্থিত ছিলেন, জীবননগর থানার ভারপ্রাপ্ত কমকর্তা ওসি সাইফুল ইসলাম, উপজেলা জনস্বাস্থ্ অধিদপ্তরের সহকারী প্রকৌশলী রাজিব হোসেন, শিক্ড় সমাজ কল্যাণ সংস্থার চুয়াডাঙ্গা জেলা সভাপতি সাব্বির সামি মুহিত, সহ-সভাপতি চাষী রমজান, সদস্য হোসাইন আহম্মেদ, ইয়ুথ এ্যাসেম্বলীর এর জীবননগর উপজেলা সমন্বয়কারী আসাদুজ্জামান লিটনসহ উপস্থিত ছিলেন, শিকড় সমাজ কল্যাণ সংস্থার সাধারণ সম্পাদক লাবনী, নিশান, কবির আল চপল, রমজান আলী, সাদিয়া, রিয়াজ স্বণা, মিম, জাহিদ, ফরহাদ, বাপ্পি, হাসান, শিলা, ওমর আলী, মুন, সোহাগ, আব্দুল্লাহ, শাকিল, আঃ রহিম প্রমুখ।

অনুষ্ঠানটি সাবিক পরিচালনা করেন শিকড় সমাজ কল্যাণ সংস্থার চুয়াডাঙ্গা জেলার সাধারণ সম্পাদক মিঠুন মাহমুদ

জীবননগরে শিকড় সমাজ কল্যাণ সংস্থার উপজেলা কমিটি গঠন

জীবননগরে সেচ্ছাসেবী সংগঠন শিকড় সমাজ কল্যাণ সংস্থার উপজেলা কমিটি গঠন করা হয়েছে।

গতকাল শুক্রবার বিকাল সাড়ে ৩টার সময় জীবননগর পৌর সভার বসতীপাড়ায় সেচ্ছাসেবী সংগঠন শিকড় সমাজ কল্যাণ সংস্থার কাযলয়ে মাসিক আলোচনা সভা শেষে জীবননগর উপজেলা কমিটি গঠন করা হয়।

সকলের সম্মতিক্রমে জীবননগর উপজেলা শাখার সভাপতি তুহিনুজ্জামান, সহ-সভাপতি নিশান, সাধারন সম্পাদক লাবনী আক্তার, যুগ্ন সম্পাদক রমজান আলী, সাংগঠনিক সম্পাদ ঐশ্বয সাহা প্রিয়া, অথ সম্পাদক কবির আল চপল, প্রচার সম্পাদক সাদিয়া, ত্রান বিষায়ক সম্পাদক রিয়াজ, শিক্ষা বিষায়ক সম্পাদক স্বণা, নিবাহী সদস্য মিম, সম্রাট, জাহিদ, ফরহাদ, বাপ্পি, হাসান, শিলা, ওমর আলী, মুন, সোহাগ।

এ সময় উপস্থিত ছিলেন শিকড় সমাজ কল্যাণ সংস্থার চুয়াডাঙ্গা জেলা কমিটির সভাপতি সাব্বির সামি মুহিত, সহ-সভাপতি চাষী রমজান, সাধারন সম্পাদক মিঠুন মাহমুদ, সদস্য মফিজুল ইসলাম প্রমুখ।

জীবননগরে খোলা হাওয়া পাঠাগার উদ্বোধন

জাতীয় পাঠাগার আন্দোলন, বই পড়ি, পাঠাগার গড়ি এই স্লোগানকে সামনে রেখে তরুন ও তরুনীদের বই পড়ার প্রতি আগ্রহ তৈরি করার লক্ষে জীবননগরে খোলা হাওয়া পাঠাগারের উদ্বোধন করা হয়েছে।

গতকাল শুক্রবার বিকালে জীবননগর পৌর সভার নারায়নপুর মোড়ে এ পাঠাগারের কাযলয়ের উদ্বোধন করা হয়।

এ সময় উপস্থিত ছিলেন শহীদ সোহরাওয়াদী মেডিকেল কলেজ হাসপাতালের ইনডোর মেডিকেল অফিসার ডাঃ তুহিন আক্তার সোহেল, সাংবাদিক মিঠুন মাহমুদ, মাজেদুর রহমান মিলটন, জীবননগর খোলা হাওয়া পাঠাগারের প্রতিষ্ঠাতা তামান্না মাজান যুথি প্রমুখ।

জীবননগরে প্যারামেডিকেল এন্ড টেকনোলজী ফাউন্ডেশনের উপজেলা শাখার উদ্বোধন

জীবননগরে প্যারামেডিকেল এন্ড টেকনোলজী ফাউন্ডেশনের উপজেলা শাখার উদ্বোধন করা হয়েছে।

গতকাল শুক্রবার সকাল ১১টার সময় আনুষ্ঠানিক ভাবে জীবননগর কাজী

টাওয়ারের ৩য় তলায় এ শাখা কাযলয়ের উদ্বোধন করা হয়।আব্দুল হান্নানের সভাপতিত্বে অনুষ্ঠানে প্রধান অতিথি হিসাবে উপস্থিত ছিলেন চুয়াডাঙ্গা জেলা পরিষদের সাবেক প্রশাসক মাহফুজুর রহমান মন্জু।

বিশেষ অতিথি হিসাবে উপস্থিত ছিলেন,জীবননগর উপজেলা পরিষদের চেয়ারম্যান হাজী হাফিজুর রহমান, মহিলা ভাইস চেয়ারম্যান আয়েসা সুলতানা লাকী, ডাঃ শাহিনুর হায়দার, সাংবাদিক আব্দুল আওয়াল, সাজেদা খাতুন প্রমুখ।